

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২১, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৬ই বৈশাখ ১৪০৬/১৯শে এপ্রিল ১৯৯৯

এস. আর. ও নং ৭৫-আইন/৯৯—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ, ১৯৯৭-২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশ এর—

(১) আদেশ ২ এর—

- (ক) দফা (ক) এ “অংশে প্রদত্ত” শব্দগুলির পরিবর্তে “অংশে টেবিলে প্রদত্ত” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) দফা (খ) এ “অংশে প্রদত্ত” শব্দগুলির পরিবর্তে “অংশে টেবিলে প্রদত্ত” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) আদেশ ৩ এর—

- (ক) দফা (ক) এ “অংশে প্রদত্ত” শব্দগুলির পরিবর্তে “অংশে টেবিলে প্রদত্ত” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) দফা (খ) এ “অংশে প্রদত্ত” শব্দগুলির পরিবর্তে “অংশে টেবিলে প্রদত্ত” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৮৯৯)

মূল্য : টাকা ১.০০

(৩) পরিশিষ্ট ১ এর—

- (ক) “(ক) আমদানি নিষিদ্ধ পণ্যের তালিকা [অনুচ্ছেদ ৩(ক) দ্রষ্টব্য]” এর নীচে “টেবিল” শব্দটি সংযোজিত হইবে;
- (খ) “(খ) শর্তযুক্ত আমদানিযোগ্য পণ্যের তালিকা [অনুচ্ছেদ ৩(খ) দ্রষ্টব্য]” এর নীচে “টেবিল” শব্দটি সংযোজিত হইবে; এবং
- (গ) (খ) অংশে বিধৃত টেবিলের কলাম (১) এ উল্লিখিত এইচ এস হেডিং নং ৩১.০২ হইতে ৩১.০৪ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত ১ নং শর্তের পর নিম্নরূপ নতুন শর্ত ১ক সন্নিবেশিত হইবে, যথাঃ—
- “১ক। আমদানিকারককে বাংলাদেশ ফার্টলাইজার এসোসিয়েশনের সদস্য হইতে হইবে।”

রাষ্ট্রেপতির আদেশক্রমে

মোঃ ফজলুর রহমান

উপ-সচিব (আমদানি)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।